হে আল্লাহ! আপনি আমার গুনাহ, মূর্খতা, আমার কর্মের সীমালঙ্ঘন আর সে সকল অপরাধও ক্ষমা করুন যা আপনি আমার চেয়ে অধিক অবগত।

আবূ মূসা আল-আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ সনদে বর্ণিত, হে আল্লাহ! হে আল্লাহ! আপনি আমার গুনাহ, মূর্খতা, আমার কর্মের সীমালঙ্ঘন আর সে সকল অপরাধও ক্ষমা করুন যা আপনি আমার চেয়ে অধিক অবগত। হে আল্লাহ আপনি আমার জেনে-বুঝে করা গুনাহ, হাসতে খেলতে করা গুনাহ, আমার ইচ্ছাকৃত গুনাহ ও অনিচ্ছাকৃত গুনাহ ক্ষমা করুন। আর এ সব
গুনাহের সবই আমার রয়েছে। হে আল্লাহ আপনি ক্ষমা করুন আমার পূর্ববর্তী গোনাহ এবং পরবর্তী গোনাহ এবং যে সব গুনাহ আমি গোপনে করেছি ও যা আমি প্রকাশ্যে করেছি এবং সে
সকল অপরাধ যা আপনি আমার চেয়ে অধিক অবগত। আপনিই তো এগিয়ে দেওয়ার ও পিছিয়ে দেওয়ার
মালিক। আপনি সবকিছুর ওপর ক্ষমতাবান। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ মহান বাক্যগুলো দ্বারা দো‘আ করতেন, যেগুলোতে রয়েছে যাবতীয় প্রকার, সব ধরনের গুনাহ ও ভুল-ভ্রান্তি তার ধরণ ও প্রকৃতি যা-ই হোক তা থেকে ক্ষমা প্রার্থনা করা। এ ছাড়াও এ বাক্যগুলোতে রয়েছে, আল্লাহর সামনে বিনয়ের সাথে অবনত হওয়া ও নম্রতা অবলম্বন। একজন মুসলিমের জন্য উচিত হলো রাসূলের অনুসরণে এ দো‘আগুলো দ্বারা মহান আল্লাহর নিকট প্রার্থনা করা।

https://sunnah.global/hadeeth/bn/show/5483